


চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
 সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

তারিখঃ ২৯/০৪/২০২১খ্রিঃ

প্রচার পত্র নং-৩২/২০২১

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-১৩৫/বিবিধ/রপ্তানি/অনিম্পন্ন/২০২০-২০২১/৩২৮০৪(কাস), তারিখ-২২/০৪/২০২১খ্রিঃ শর্ট শিপমেন্ট সংক্রান্ত পণ্যচালান নিষ্পত্তিকল্পে বিগত ২৫/০৩/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।


 মোঃ মিজানুর রহমান
 সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 কাস্টম হাউস, চট্টগ্রাম।

website:www.chc.gov.bd

Email:customhousectg@gmail.com

নথি নং-১৩৫/বিবিধ/রপ্তানি/অনিম্পন্ন/২০২০-২০২১/৩২৮০৪(কাস)

তারিখ-২২/০৪/২০২১খ্রিঃ

বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংক্রান্ত পণ্যচালান নিষ্পত্তিকল্পে বিগত ২৫/০৩/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. আবু নূর রাশেদ আহমেদ
 সভার তারিখ : ২৫/০৩/২০২১খ্রিঃ
 সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা

জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/১৬, তারিখঃ ২৬.০১.২০২১খ্রিঃ এর মাধ্যমে “ প্রায় ৩০ (ত্রিশ) হাজার অনিম্পন্ন রপ্তানি পণ্যচালানের তথ্য অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংশোধনের অপেক্ষামান রয়েছে ” মর্মে উল্লেখপূর্বক উক্ত চালানসমূহ, সংশ্লিষ্ট দলিলাদি সঠিক প্রাপ্তিসাপেক্ষে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সম্ভাব্য দ্রুততম সময়ে সংশোধনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নং- নথি নং-১৩৫/বিবিধ/রপ্তানি/অনিম্পন্ন/২০২০-২০২১/২৪০৫১(কাস) তারিখ-২৩/০৩/২০২১খ্রিঃ এর মাধ্যমে শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিম্পন্ন রপ্তানি পণ্যচালানের সংশ্লিষ্ট দলিলাদি যথা-শিপিং বিল, বিল অব লেডিং, ইনভয়েস, প্যাকিং লিস্ট, পিআরসি, ইজিএম এবং অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি যাচাইপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংশোধন/নিম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু শর্ট শিপমেন্ট কার্যক্রমে গতিশীলতা না আসায় কমিশনার মহোদয়ের অনুমোদনক্রমে আলোচ্য বিষয়ে বিগত ২৫.০৩.২০২১খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় কাস্টম হাউসের সম্মেলন কক্ষে জরুরী আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনার সার সংক্ষেপ	গৃহীত সিদ্ধান্ত
১	শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিম্পন্ন রপ্তানি পণ্যচালান নিষ্পত্তিকল্পে সংশ্লিষ্ট দলিলাদি যথা-শিপিং বিল, বিল অব লেডিং, ইনভয়েস, প্যাকিং লিস্ট, পিআরসি, ইজিএম এবং অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি যাচাইপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংশোধন/নিম্পন্ন করা।	শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিম্পন্ন রপ্তানি পণ্যচালান নিষ্পত্তিকল্পে সংশ্লিষ্ট দলিলাদি যথা- শিপিং বিল, বিল অব লেডিং, ইনভয়েস, প্যাকিং লিস্ট, পিআরসি, ইজিএম এবং অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি যাচাইপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংশোধন/নিম্পন্ন করার বিষয়ে আপত্তি জানিয়ে বিজিএমইএ এর পরিচালক জনাব শেখর দাশ, বিগত ০৩.০১.২০২১খ্রিঃ তারিখে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকায় বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, চট্টগ্রাম কাস্টম হাউস, বিজিএমইএ, বিকেএমইএ ও সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন কর্মকর্তা/প্রতিনিধি সম্মুখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত (ক) ও (খ) অনুযায়ী শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিম্পন্ন রপ্তানি পণ্যচালান নিষ্পন্ন করার অনুরোধ জানান। বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন এর পরিচালক জনাব আবদুল্লাহ জহির এবং জনাব আশরাফ খান উভয়েই সভায় জানান যে, শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিম্পন্ন রপ্তানি পণ্যচালান নিষ্পত্তিকল্পে সংশ্লিষ্ট দলিলাদির মধ্যে ইজিএম কপি দাখিলের যে শর্ত দেয়া হয়েছে, তা দ্রুততম সময়ে ও চাহিদা মোতাবেক সরবরাহ দেয়া তাদের পক্ষে	জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে অনলাইন EXP System চালু পরবর্তী শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিম্পন্ন রপ্তানি পণ্যচালান নিষ্পত্তিকল্পে সংশ্লিষ্ট দলিলাদি যথা- কাস্টমস কর্তৃক প্রত্যায়িত ইনভয়েস, শর্ট শিপমেন্ট সার্টিফিকেট, লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত বিএল/ হাউস বিএল, বিল অব এক্সপোর্ট, পিআরসি/পিআরসি'র সমর্থনে লিয়েন ব্যাংক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র যাচাইপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিম্পন্ন রপ্তানি পণ্যচালান অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংশোধন/নিম্পন্ন করা হবে।

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

	<p>সম্ভব নয়। বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর সহ সভাপতি জনাব খায়রুল আলম সূজন বলেন, শর্ট শিপমেন্ট সংক্রান্ত অনিষ্পন্ন রপ্তানি পণ্যচালানের দ্রুত নিষ্পত্তিকল্পে ইজিএম এর বিকল্প হিসেবে নির্ভরযোগ্য বিবেচনায় বিএল এবং পিআরসি কপি গ্রহণ করা যায়, কারণ তাদের পক্ষেও ইজিএম সরবরাহ করা সম্ভব নয়। এ প্রসঙ্গে কাস্টমস সিএন্ডএফ হিসেবে নির্ভরযোগ্য বিবেচনায় বিএল এবং পিআরসি কপি গ্রহণ করা যায়, কারণ তাদের পক্ষেও ইজিএম সরবরাহ করা সম্ভব নয়। এ প্রসঙ্গে কাস্টমস সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন প্রতিনিধি জনাব লিয়াকত আলী হাওলাদার উল্লেখ করেন যে, শর্ট শিপমেন্ট সংক্রান্ত বিপুল পরিমাণ রপ্তানি পণ্যচালান দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন রয়েছে যা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তিকল্পে ইজিএম ব্যতিরেকে নির্ভরযোগ্য দলিলাদি হিসেবে ব্যাংক প্রত্যায়িত বিএল, পিআরসি, অথবা সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র সহ অন্যান্য দলিলাদির ভিত্তিতে সংশ্লিষ্ট অফডকের মাধ্যমে ASYCUDA WORLD SYSTEM-এ আপডেট করা যেতে পারে, তার এ প্রস্তাবে সভায় উপস্থিত কাস্টম হাউস, চট্টগ্রাম এর সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণসহ বিজিএমইএ, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন প্রতিনিধিবৃন্দ একমত প্রকাশ করেন।</p>	
--	---	--

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(ড. আবু নূর রাশেদ আহমেদ)
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।